

জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়

ঢাকা।

www.jb.com.bd

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট

ফোনঃ ০২-২২৩৩৮১৩৩৭

০৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

তারিখ: -----

২৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১৩৭৪/২৫

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক ও সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/সকল স্টাফ কলেজ
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানি।

**বিষয়: জনতা হজ ডিপোজিট স্কিম (নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৬৩/২০১৭, তারিখঃ ১৩/০৮/২০১৭)-এর কতিপয় শর্ত/নীতিমালা
সংশোধন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জনতা হজ ডিপোজিট স্কিম (নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৬৩/২০১৭, তারিখঃ ১৩/০৮/২০১৭) এর প্রতি আপনাদের
দৃষ্টি আকর্ষণ করা হলো।

স্কিমটি চালুর পর হতে এ পর্যন্ত আমানত সংগ্রহে কাজিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি। স্কিমটি গ্রাহক পর্যায়ে জনপ্রিয়
করার জন্য গত ২০/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্যদের ৮৬৪তম সভায় এ ব্যাংকের জন্য “জনতা হজ ডিপোজিট
স্কিম (নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৬৩/২০১৭, তারিখঃ ১৩/০৮/২০১৭)”-এর কতিপয় শর্ত/নীতিমালার সংশোধন/পরিবর্তন
অনুমোদিত হয়েছে। সংশোধিত/পরিবর্তিত শর্ত/নীতিমালা নিম্নরূপঃ

১। কিস্তির পরিমাণ ও সংখ্যাঃ

ক্রম	বিষয়	নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৬৩/২০১৭, তারিখঃ ১৩/০৮/২০১৭-এ উল্লিখিত নীতিমালা	পরিবর্তিত নীতিমালা
১	প্রাথমিক জমা	নির্ধারিত কিস্তির সমপরিমাণ টাকা জমা করতে হবে।	যেকোনো পরিমাণ টাকা জমা করে হিসাব খোলা যাবে। তবে, প্রাথমিক জমা হবে সর্বনিম্ন ৫,০০০/- টাকা।
২	কিস্তি জমা দেওয়ার পরিমাণ	কিস্তির সমপরিমাণ টাকা জমা করতে হবে।	যে কোনো পরিমাণ টাকা মাসের যে কোনো কর্মদিবসে যতবার খুশী ততবার জমা করা যাবে।
৩	টাকা জমার সংখ্যা	কিস্তির সমপরিমাণ জমা দিতে হবে, তবে অগ্রীম জমা করা যাবে।	টাকা জমার সংখ্যা নির্দিষ্ট নাই। মাসের যে কোনো কর্মদিবসে যে কোনো পরিমাণ টাকা যতবার খুশী ততবার জমা করা যাবে।

চলমান পাতা-২

বিষয়: জনতা হজ ডিপোজিট স্কিম (নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৬৩/২০১৭, তারিখঃ ১৩/০৮/২০১৭)-এর কতিপয় শর্ত/নীতিমালা সংশোধন প্রসঙ্গে।

পূর্ববর্তি পৃষ্ঠার পর:

২। গ্রাহকদের সুবিধার্থে এবং ভবিষ্যতে হজে যে পরিমাণ টাকা ব্যয় হবে তা বিবেচনায় গ্রাহক চাইলে নিম্নোক্ত কিস্তিতেও টাকা জমা করতে পারবেন।

উদাহরণস্বরূপ, ২০২৬ সালের হজের আনুমানিক খরচ ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ টাকা মাত্র) টাকা ধরে পরবর্তি বছরগুলোর জন্য বার্ষিক ৫% (চক্রবৃদ্ধি) খরচ বৃদ্ধি হিসেবে ১-২০ বছরের আনুমানিক খরচ নিম্নরূপে হিসাবায়ন করা হয়েছেঃ

ক্রম	টাকার পরিমাণ	প্রবৃদ্ধি (৫%)	হজরত পালনের বছর	আনুমানিক ব্যয়
১	৫,০০,০০০	২৫,০০০	২০২৭	৫,২৫,০০০
২	৫,২৫,০০০	২৬,২৫০	২০২৮	৫,৫১,২৫০
৩	৫,৫১,২৫০	২৭,৫৬৩	২০২৯	৫,৭৮,৮১৩
৪	৫,৭৮,৮১৩	২৮,৯৪১	২০৩০	৬,০৭,৭৫৪
৫	৬,০৭,৭৫৪	৩০,৩৮৮	২০৩১	৬,৩৮,১৪২
৬	৬,৩৮,১৪২	৩১,৯০৭	২০৩২	৬,৭০,০৪৯
৭	৬,৭০,০৪৯	৩৩,৫০২	২০৩৩	৭,০৩,৫৫১
৮	৭,০৩,৫৫১	৩৫,১৭৮	২০৩৪	৭,৩৮,৭২৯
৯	৭,৩৮,৭২৯	৩৬,৯৩৬	২০৩৫	৭,৭৫,৬৬৫
১০	৭,৭৫,৬৬৫	৩৮,৭৮৩	২০৩৬	৮,১৪,৪৪৮
১১	৮,১৪,৪৪৮	৪০,৭২২	২০৩৭	৮,৫৫,১৭০
১২	৮,৫৫,১৭০	৪২,৭৫৯	২০৩৮	৮,৯৭,৯২৯
১৩	৮,৯৭,৯২৯	৪৪,৮৯৬	২০৩৯	৯,৪২,৮২৫
১৪	৯,৪২,৮২৫	৪৭,১৪১	২০৪০	৯,৮৯,৯৬৬
১৫	৯,৮৯,৯৬৬	৪৯,৪৯৮	২০৪১	১০,৩৯,৪৬৪
১৬	১০,৩৯,৪৬৪	৫১,৯৭৩	২০৪২	১০,৯১,৪৩৭
১৭	১০,৯১,৪৩৭	৫৪,৫৭২	২০৪৩	১১,৪৬,০০৯
১৮	১১,৪৬,০০৯	৫৭,৩০০	২০৪৪	১২,০৩,৩০৯
১৯	১২,০৩,৩০৯	৬০,১৬৫	২০৪৫	১২,৬৩,৪৭৪
২০	১২,৬৩,৪৭৪	৬৩,১৭৪	২০৪৬	১৩,২৬,৬৪৮

৩। নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৬৩/২০১৭, তারিখঃ ১৩/০৮/২০১৭ এর অন্যান্য সকল শর্ত/নীতিমালা অপরিবর্তিত থাকবে এবং পূর্বের খোলা হিসাবসমূহের ক্ষেত্রে পরিবর্তিত শর্ত/নীতিমালা প্রযোজ্য হবে।

৪। পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত এই স্কিমের বর্তমান অন্যান্য নীতিমালা নিম্নরূপঃ

১. হিসাব খোলার জন্য যা প্রয়োজন:

১. হিসাব খোলার ফরম পূরণ (চলতি আমানতের হিসাব খোলার ফরম-ব্যক্তি হিসাব)।
২. হিসাবধারীর ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ব্যক্তি কর্তৃক সত্যায়িত।
৩. নমিনীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি হিসাবধারী কর্তৃক সত্যায়িত।
৪. হিসাবধারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স/জন্ম নিবন্ধন।
৫. নমিনীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স/ জন্ম নিবন্ধন (হিসাবধারী কর্তৃক সত্যায়িত)।
৬. প্রাথমিক জমা : ৫০০০/- টাকা।

বিষয়: জনতা হজ ডিপোজিট স্কিম (নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৬৩/২০১৭, তারিখঃ ১৩/০৮/২০১৭)-এর কতিপয় শর্ত/নীতিমালা সংশোধন প্রসঙ্গে।

পূর্ববর্তি পৃষ্ঠার পর:

২. হিসাব পরিচালনার নিয়মাবলী:

১. এক বছর হতে বিশ বছরের ভেতর হজ পালনে আগ্রহী ব্যক্তিগণ মাসিক কিস্তির মাধ্যমে অথবা যেকোনো পরিমাণ টাকা সকল ব্যাংকিং কর্মদিবসে জমা দিয়ে "জনতা হজ ডিপোজিট স্কিম" গড়ে তুলতে পারবেন।
২. একক/যৌথ ব্যক্তির নামে "জনতা ব্যাংক হজ ডিপোজিট স্কিম" হিসাব খোলা যাবে।
৩. মাসের যে কোন সময় টাকা জমা করা যাবে অর্থাৎ মাসের ১ তারিখ হতে শেষ দিন পর্যন্ত (ব্যাংক খোলা থাকা সাপেক্ষে)।
৪. আমানতকারী যে কোন সময় লিখিতভাবে মেয়াদ পরিবর্তন করতে পারবেন এবং পরিবর্তিত মেয়াদ অনুযায়ী কিস্তি নির্ধারিত হবে।
৫. আমানতকারী নির্দিষ্ট মেয়াদের পর বা যে কোন সময় হিসাব বন্ধ করার মাধ্যমে তার আমানত উত্তোলন করতে পারবেন। এ হিসাবের বিপরীতে কোন চেক বই ইস্যু করা হবে না। হিসাবের মেয়াদ পূর্তির পর বা মেয়াদ পূর্তির পূর্বে যে কোন সময় হিসাব বন্ধকরণের ক্ষেত্রে কোন চার্জ/ফি আরোপ করা হবে না।
৬. আমানতকারী গ্রহণযোগ্য কারণ দেখিয়ে অত্র ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় এ হিসাব স্থানান্তর করতে পারবেন। এ ক্ষেত্রে হিসাব স্থানান্তরকরণের জন্য কোন চার্জ গ্রহণ করা হবে না।
৭. আমানতকারী নির্দিষ্ট মেয়াদের পর বা যে কোন সময় হিসাব বন্ধ করার মাধ্যমে তার আমানত উত্তোলন করতে পারবেন। এ হিসাবের বিপরীতে কোন চেক বই ইস্যু করা হবে না। হিসাবের মেয়াদ পূর্তির পর বা মেয়াদ পূর্তির পূর্বে যে কোন সময় হিসাব বন্ধকরণের ক্ষেত্রে কোন চার্জ/ফি আরোপ করা হবে না।
৮. আমানতকারী গ্রহণযোগ্য কারণ দেখিয়ে অত্র ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় এ হিসাব স্থানান্তর করতে পারবেন। এ ক্ষেত্রে হিসাব স্থানান্তরকরণের জন্য কোন চার্জ গ্রহণ করা হবে না।
৯. আমানতকারী নমিনী মনোনীত করবেন, যাতে তাঁর মৃত্যুর পর জমাকৃত টাকা নমিনীকে প্রদান করা যায়। নমিনীকে টাকা প্রদানের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদি গ্রহণ করতে হবে।
ক) নমিনীর আবেদনপত্র।
খ) মৃত্যুর সনদপত্র।
গ) চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক স্বাক্ষর ও ছবি সত্যায়ন পূর্বক নমিনীর পরিচয় নিশ্চিত হতে হবে।
ঘ) ইনডেমনিটি বন্ড
১০. আমানতকারী নমিনী পরিবর্তনের প্রয়োজন বোধ করলে অথবা তাঁর জীবদ্দশায় নমিনীর মৃত্যু হলে আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে নতুন নমিনী মনোনীত করতে পারবেন।
১১. নমিনী নাবালক হলে ন্যাচারাল গার্ডিয়ান এর মাধ্যমে অর্থ প্রদান করতে হবে। ন্যাচারাল গার্ডিয়ান না থাকলে আদালত কর্তৃক গার্ডিয়ান নিয়োগ করতে হবে।
১২. হিসাব পরিচালনায় সরকারী বিধি-বিধান প্রযোজ্য হবে।
১৩. হিসাবের মেয়াদ পূর্তিতে বা মেয়াদ পূর্তির পূর্বে (আমানতকারী হিসাব বন্ধের আবেদন করলে) হিসাব বন্ধ করে পে-ইন-স্লিপ এর মাধ্যমে আমানতকৃত অর্থ পরিশোধ করা যেতে পারে, তবে শাখায় আমানতকারীর কোন হিসাব (সঞ্চয়ী, চলতি ও এসএনডি) থাকলে তার মাধ্যমে পরিশোধ করা যাবে। এ ক্ষেত্রে কোন ধরনের ফি/চার্জ প্রযোজ্য হবে না।
১৪. ব্যাংক যে কোন সময় এ হিসাব সংক্রান্ত যে কোন নিয়মাবলী পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন বা বাতিল করতে পারবে এবং আমানতকারী তা মেনে চলতে বাধ্য থাকবেন।



বিষয়: জনতা হজ ডিপোজিট স্কিম (নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৬৩/২০১৭, তারিখ: ১৩/০৮/২০১৭)-এর কতিপয় শর্ত/নীতিমালা সংশোধন প্রসঙ্গে।


পূর্ববর্তি পৃষ্ঠার পর:


৫। অবিলম্বে শাখার গ্রাহক/শুভানুধ্যায়ীগণকে এ কর্মসূচী সম্পর্কে অবহিত করার জন্য লিফলেট, হ্যান্ডবিল বিতরণ, “X” ব্যানার প্রদর্শন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা চালাতে হবে।

এমতাবস্থায়, সম্মানিত পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত “জনতা হজ ডিপোজিট স্কিম”-এর সংশোধিত/পরিবর্তিত নীতিমালা আগামী ১৫/১২/২০২৫ তারিখ হতে কার্যকর হবে।

পরিবর্তিত নীতিমালায় গ্রাহকদের সুযোগ সুবিধা সম্পর্কে মাঠ পর্যায়ে প্রচার প্রচারণা কার্যক্রম পরিচালনা এবং অধিক সংখ্যক হিসাব খোলার মাধ্যমে আমানত বৃদ্ধি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল পর্যায়ের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দকে পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


মোহাম্মদ রিয়াজ হোসেন ফেরদৌস
উপমহাব্যবস্থাপক


মেহের সুলতানা
মহাব্যবস্থাপক